সহস্রাব্দের ষড়যন্ত্র

ওয়ার্ল্ড ট্রেড সেন্টার এবং পেন্টাগনে হামলার নেপথ্যে

ক্যারল ভ্যালেন্টাইন

সহস্রাব্দের ষড়যন্ত্র

ওয়ার্ল্ড ট্রেড সেন্টার এবং পেন্টাগনে হামলার নেপথ্যে

রচনা ঃ

ক্যারল ভ্যালেন্টাইন

গবেষণা ও অনুবাদ ঃ

আলী আহমেদ

চমন প্রকাশনী
ঢাকা

www.pathagar.com

সহস্রাব্দের ষড়যন্ত্র

ওয়ার্ল্ড ট্রেড সেন্টার এবং পেন্টাগনে হামলার নেপথ্যে

প্রকাশকঃ

আহমেদ আব্দুল্লাহ

৮০/ডি, রোড নং-১১, বনানী, ঢাকা-১২১৩

aliberdi@email.com

সর্বস্বত্ব ঃ প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

প্রকাশ কাল ঃ প্রথম সংস্করন, জুলাই ২০০৪ইং, আষাঢ় ১৪১১ বাংলা

কম্পিউটার কম্পোজ ঃ

হৃদয় কম্পিউটার

৫১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

প্রচ্ছদঃ

আরিফুর রহমান

মুদ্রাকরঃ

বাংলাদেশ কো-অপারেটিভ বুক সোসাইটি প্রিন্টিং (প্রেস) লিঃ

১২৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

প্রাপ্তিস্থান ঃ

ব্রডওয়ে কম্পিউটার সিস্টেম,

১৫৪, মতিঝিল, রুম নং-৯, ঢাকা-১০০০

ফোনঃ ৯৫৫১৫৫৫, মোবাইলঃ ০১৭২-১২৩৪১০

মূল্য- ৫০/-

ISBN : 984-32-1525-6

SHAHASRABDER SARAJANTRA WORLD TRADE CENTRE ABANG PENTAGON A HAMLER NEPATHAY PUBLISHED BY **AHMED ABDULLAH**, BANANI, DHAKA.

www.pathagar.com

ভূমিকা

১১ই সেপ্টেম্বর, ২০০১। পৃথিবী বাসীর জন্য একটি শোকাবহ দিন। এই অশুভ দিনটিতে মার্কিন যুক্তরাষ্ট্রে তিন হাজারেরও অধিক নিরীহ মানুষ প্রাণ হারায় ওয়ার্ল্ড ট্রেড সেন্টার এবং পেন্টাগনে সংগঠিত অপ্রত্যাশিত ঘটনায়। শোকার্ত মার্কিন জনতার সাথে পৃথিবীর সকল বিবেকবান মানুষ একাত্মতা ঘোষণা করে। শোকাহত পৃথিবীবাসী এই হৃদয় বিদীর্ন করা ঘটনায় ক্ষোভে-দুঃখে এতোটাই মুষড়ে পড়ে যে এই প্রসঙ্গে মার্কিন সরকারের বক্তব্যকে কোন প্রকার বিচার বিশ্লেষণ ছাড়াই গ্রহণ করে। মার্কিন সরকারের তরফ থেকে সকলকে জাননো হয় মুসলিম মৌলবাদীরা এই হামলার জন্য দায়ী। সুনির্দিষ্টভাবে ১৯ জন আত্মঘাতি আরব মৌলবাদীর বিরুদ্ধে অভিযোগ আনা হয়। আরব বংশোদ্ভূত ১৯জন আত্মঘাতি মুসলিম জংগী কর্তৃক ছিনতাইকৃত যাত্রীবাহী বিমানের সাহায্যে ওয়ার্ল্ড ট্রেড সেন্টার এবং পেন্টাগনে হামলার জোর প্রচারনা শুরু করে ইহুদী গণমাধ্যমগুলো। বিশ্ববাসীর কাছে মুসলিমরা চিহ্নিত হয় সন্ত্রাসী জনগোষ্ঠী হিসেবে। কিন্তু আসলেই কি ১১ই সেপ্টেম্বরের ঘটনার জন্য মুসলিমরা দায়ী? এই প্রশ্নের উত্তর দিয়েছে ক্যারল ভ্যালেন্টাইন তার ওয়েব আর্টিকেল – The controlled demolition of World Trade Centre and So-called war on terrorism -এ (ওয়েব লিংক **www.serendipity.li/wtc.html)** | গবেষণাধর্মী এই বৃহদাকারের ওয়েব আর্টিকেলের ছায়া অবলম্বনে রচিত হয়েছে সহস্রাব্দের ষড়যন্ত্র--ওয়ার্ল্ড ট্রেড সেন্টার এবং পেন্টাগনে হামলার নেপথ্যে।

www.pathagar.com

মুখবন্ধ

সত্যানুসন্ধানীর যে আবেগ ও উদ্দীপনা নিয়ে ক্যারল ভ্যালেন্টাইন অসাধারণ ওয়েব আর্টিকেলটির সম্পাদনার গুরু দায়িত্ব পালন করেছেন তা আমাকে অনুপ্রাণিত করেছে। ক্যারলের আর্টিকেল পড়ার পর তার ভাবার্থ বাংলাভাষী জন গোষ্ঠির সামনে পেশ না করলে তা হতো ক্যারল ভ্যালেন্টাইনের ভাষায় অশুভের কাছে আত্মসমর্পন (Surrender to evil)। সবাই জানুক কারা ছিলো ১১ই সেপ্টেম্বরের পিছনে! কি ছিলো তাদের উদ্দেশ্য! নতুন বিশ্ব ব্যবস্থায় (New World Order) বিশ্বাসী সভ্য মানুষের মুখোশ পরা শয়তান-উপাসক যে চক্রটি ১১ই সেপ্টেম্বরের মানবতা বিরোধী ধ্বংশযজ্ঞের দায়ী তাদের মুখোশ উন্মোচিত হোক।

প্রথম সংস্করণের সকল দূর্বলতা, ত্রুটি-বিচ্যুতি পাঠক মহল ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন--অনুরোধ রইলো।

---আলী আহমেদ

www.pathagar.com

মার্কিন যুক্তরাষ্ট্রে ২০০১ সালের ১১ই সেপ্টেম্বরের

হৃদয় বিদারক ঘটনায়

ওয়ার্ল্ড ট্রেড সেন্টার এবং পেন্টাগনে নিহত

সকলের স্মৃতির প্রতি--

www.pathagar.com

১। পৃথিবী গ্রাসের মার্কিন উদ্যোগ

বর্তমান সময়ে মার্কিন পুজিবাদ যে সমস্যার সম্মুখীন হচ্ছে তার প্রেক্ষিতে আমেরিকা উদ্ভাবন করেছে নতুন বিশ্ব ব্যবস্থার (New World Order) ধারণা । বিশ্ব বাজারে মার্কিনীরা প্রতিযোগিতায় ক্রমাগত পিছিয়ে পড়ছে। জাপান, জার্মানী এবং নিকটতম ভবিষ্যতের ঐক্যবদ্ধ ইউরোপ মার্কিন প্রশাসনের মাথা ব্যাথার কারণ হয়ে দাঁড়িয়েছে। বিশ্বব্যাপী আধিপত্য বিস্তারের লক্ষ্যে এবং রাজনৈতিক সমস্যা সৃষ্টিকারীদের শায়েস্তা করার জন্য নতুন নতুন ষড়যন্ত্র প্রনয়নের প্রয়োজন আমেরিকার। ঠিক পতনের আগে রোমের মতো মার্কিন যুক্তরাষ্ট্রের শাসকগোষ্ঠী নিজ জনগণকে ঘরোয়া সমস্যাবলী থেকে দৃষ্টি ফিরিয়ে দিতে চাচ্ছে বিশ্ব অংগনে। মার্কিন অর্থনীতিই শুধু বিপর্যয়ের মুখোমুখী নয় সুস্পষ্ট ইংগিত পাওয়া যাচ্ছে মার্কিন সমাজের ভিতরে ভাংগন ধরেছে। অর্থনৈতিক সমস্যাবলীর সাথে শংকটাপন্ন সামাজিক অবস্থা জটিল রোগের প্রমাণ। মাদকাশক্তি ও ক্রমবর্ধমান অপরাধ ঘুনে ধরা ব্যবস্থার প্রতীক। জাতিগত উত্তেজনা, আমলাতন্ত্র, রাজনীতি এবং সমাজের নাটকীয়তা ও গুরুত্বহীনতা গুরুতর সামাজিক ব্যধির লক্ষণ। এ ছাড়া বিগত শতাব্দীর শেষ দশকে পরিবর্তনের যে হাওয়া বয়ে গেছে তাতে পাশ্চাত্য নেতাদের উপলব্ধি হয়েছে পুঁজিবাদী ব্যবস্থাকে বাঁচাতে হলে পৃথিবীকে নতুনভাবে ঢেলে সাজাতে হবে। ওয়াশিংটন জানে বিশ্বের রাজনৈতিক, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক বিষয়ের উপর আধিপত্য বজায় রাখতে হলে একটি **"নতুন বিশ্ব ব্যবস্থার"** প্রয়োজন। এই ব্যবস্থায় পৃথিবীর সব মুদ্রা, বাণিজ্যিক সীমানা এবং জাতি-রাষ্ট্রকে এক করার প্রয়াস চালানো হচ্ছে যেখানে "বিশ্বের পুলিশ" হিসেবে আমেরিকার ভূমিকা হবে অবিসম্বাদিত। নতুন বিশ্ব ব্যবস্থার নামে প্রেসিডেন্ট বুশ (সিনিয়র) আমেরিকা এবং বাকী বিশ্বের জন্য যে পথ রচনা করে গেছেন তার লক্ষ্য হলো সামরিক আগ্রাসনের

www.pathagar.com

মাধ্যমে তৃতীয় বিশ্বের তেল এবং অন্যান্য প্রাকৃতিক সম্পদ গ্রাস করা। জেনে রাখা দরকার পৃথিবীর জনসংখ্যার ৬ শতাংশ জনগণ নিয়ে আমেরিকা বিশ্বের ২৫ শতাংশ তেল ভোগ করে।

আমেরিকার বিদেশ সম্পর্ক বিষয়ক কাউন্সিলের উপদেষ্টা এবং **"সভ্যতার দ্বন্দ্ব"** নামক বিখ্যাত বইয়ের লেখক হার্ভার্ড প্রফেসর স্যামুয়েল হান্টিংটনের মতে নতুন বিশ্ব ব্যবস্থা বাস্তবায়নের পথে মার্কিন সাম্রাজ্যবাদের প্রধান প্রতিবন্ধক ভিন্ন সভ্যতাধারী দেশগুলো। স্নায়ুযুদ্ধ অবসানের পর রাজন্যবর্গের, গোত্রগত এবং আদর্শিক যুদ্ধের উপযোগী পরিবেশ না থাকায় পাশ্চাত্যের জন্য হুমকী হয়ে দাঁড়িয়েছে স্ফীতমান জনসংখ্যা এবং বিপুল তেল সম্পদের অধিকারী মুসলিম দেশসমূহ। তাই একক পরাশক্তি মার্কিন যুক্তরাষ্ট্র তার বিশ্ব ব্যবস্থার প্রধান শত্রু মুসলমানদের রাজনৈতিক, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক দিক দিয়ে নিশ্চিহ্ন করে ফেলার জন্য আগ্রাসী ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে।

মুসলমানদের দূর্বলীকরণের মার্কিন পরিকল্পনা বাস্তবায়নের প্রথম লগ্নেই আমেরিকা অবৈধ লেনদেনের নামে মুসলমানদের বিখ্যাত আন্তর্জাতিক ব্যাংকিং প্রতিষ্ঠান বিসিসিআই এর বিরুদ্ধে প্রচার শুরু করে। সারা বিশ্বব্যাপী ইহুদী গণমাধ্যমগুলো সক্রিয় হয়ে উঠে। এক সময়ে মার্কিনীদের প্রিয় ব্যাংক বিসিসিআই এর সারা দুনিয়াব্যাপী কার্যক্রম বন্ধ হয়ে যায়। মধ্য এশিয়ার মুসলিম দেশগুলোর তেল ও খনিজ সম্পদের উপর কর্তৃত্ব স্থাপনের জন্য সামরিক আগ্রাসন অপরিহার্য হয়ে পরে। আগ্রাসনের প্রেক্ষিত তৈরীর জন্য শুরু হয় ষড়যন্ত্র। **তেলের জন্য যুদ্ধ** রূপান্তরিত হয় **"সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধে"**।

মার্কিন প্রশাসনের ভিতর ঘাপটি মেরে থাকা ষড়যন্ত্রকারীদের পরিল্পনায় ২০০১ সালের ১১ই সেপ্টেম্বর টুইন টাওয়ার ধ্বংস এবং পেন্টাগন ক্ষতিগ্রস্থ করা হয়। সারা পৃথিবীতে এ্যাংলো-আমেরিকানদের গণমাধ্যমে প্রচারিত হয় মার্কিনীদের আর্থিক এবং সামরিক শক্তির প্রতীক **ওয়ার্ল্ড ট্রেড সেন্টার** ও **পেন্টাগনের** উপর উনিশ জন আরব মুসলমান সন্ত্রাসী আত্মঘাতি বিমান হামলা চালিয়েছে। সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধের নামে শুরু হয়

www.pathagar.com

মুসলমানদের বিরুদ্ধে পরিকল্পিত মার্কিন সামরিক আগ্রাসন। ট্রানজিট দেশ হিসেবে মধ্যএশীয় তেলের পাইপলাইন স্থাপনের বিষয়ে তালেবান সরকার মার্কিন তেল কোম্পানী **ইউনিকোলের** সাথে আপোষ না করায় টুইন টাওয়ার ধ্বংসের জন্য আন্তর্জাতিক মুসলিম বিপ্লবী ওসামা বিন লাদেনের বিরুদ্ধে অভিযোগ এনে আশ্রয়দাতা দেশ আফগানিস্তানের উপর ০৭-১০-২০০১ তারিখ হ'তে ১৬-০৪-২০০২ তারিখ পর্যন্ত লাগাতার কার্পেট বোম্বিং এর মাধ্যমে হাজার হাজার আফগান নর-নারী-শিশু হত্যা করা হয় তালেবান সরকারকে উৎখাত করার জন্য (২০০১ সনের আগষ্টে আফগানিস্তানের মধ্য দিয়ে ইউনিকোলের পাইপ লাইন স্থাপনের বিষয়ে তালেবান সরকারের সাথে মার্কিন সরকারের অলোচনা ভেঙ্গে যায়। বুশ এবং তার তেল কোম্পানীগুলো তালেবানদের কারণে এই পাইপ লাইন বসাতে ব্যর্থ হয়-কারণ তালেবানদের দাবী ছিল – too large a percentage as their cut for allowing the pipe line project to proceed. Hence the oil monopoly needed to over throw the Kabul Government, install their own Government and proceed with the pipe line project. - **Shermanh Skolnick** । মার্কিন প্রতিনিধি তালেবান সরকারকে হুশিয়ার করে দিয়ে বলেন-Accept our offer of a carpet of gold or you will get a carpet of Bombs)। অথচ, ১১ই সেপ্টেম্বর ২০০১ এর তিন বছর আগ থেকে অর্থাৎ ১৯৯৮ সাল থেকে মার্কিন সরকার কাবুলে ধামাঁধরা নতুন সরকার প্রতিষ্ঠার ফন্দী আটছে।

১৯৯৮ এর ১২ই ফেব্রুয়ারীতে মার্কিন সরকারের ওয়েব সাইটে মার্কিন বিদেশনীতির উপর অনুষ্ঠিত একটি রিপোর্ট পাওয়া গেছে। যাতে প্রমাণিত হয় ১১ই সেপ্টেম্বরের বহুপূর্বেই কাবুলের সরকার পরিবর্তনের প্রয়োজনীয়তা দেখা দিয়েছিলো ঃ

মার্কিন সরকারের অবস্থান হলো একাধিক পাইপ লাইন স্থাপনের পক্ষে.... বর্তমান নীতিমালায় আমাদের সমর্থন ইউনিকোল পাইপ লাইনের প্রতি। আমি সতর্ক করে দিতে চাই আমরা যখন এই প্রকল্পকে সমর্থন দিচ্ছি তখন ট্রানজিট দেশ বা দেশ সমূহের একটি আফগানিস্তানের কর্তৃত্বে মার্কিন যুক্তরাষ্ট্র কর্তৃক স্বীকৃত কোন সরকার নেই। এই দেশের মধ্য দিয়ে পাইপ লাইন প্রবাহিত হবে। তবে প্রকল্পের ব্যাপারে আমাদের সমর্থন আছে।

www.pathagar.com

--[ইউএস হাউস অব রিপ্রেজেন্টেটিভস "মধ্য এশিয়ার প্রজাতন্ত্রগুলোতে মার্কিন স্বার্থ" ১২ ফেব্রুয়ারী ১৯৯৮]

"সেন্টগ্যাস কাজ শুরু করতে পারবে না আফগানিস্তানে একটি আন্তর্জাতিকভাবে স্বীকৃত সরকার প্রতিষ্ঠা না পেলে।"

[মধ্য এশিয়ার প্রজাতন্ত্রগুলোতে মার্কিন স্বার্থ ১২ ফেব্রুয়ারী, ১৯৮৮।]

২০০২ সালের মে মাসে আফগানিস্তানের তেলের পাইপ লাইন প্রকল্পটির কাজ আরম্ভ হয়। প্রসঙ্গতঃ উল্লেখ্য বর্তমান আফগান রাষ্ট্র প্রধান হামিদ কারজাই ইউনিকোলের একজন উপদেষ্টা ছিলেন।

ঠিক একইভাবে নতুন শতাব্দীতে মার্কিন আধিপত্যবাদের নীল নক্সা (Project for new American Century) মোতাবেক ১৯৯৭ সনে গৃহীত পরিকল্পনা অনুযায়ী সাদ্দামের হাতে কল্পিত গণবিধ্বংশী অস্ত্রের ধূঁয়া তুলে এই বছরের এপ্রিল মাসে (২০-০৩-২০০৩ থেকে ০৭-০৪-২০০৩) পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম তেল রিজার্ভ সমৃদ্ধ দেশ ইরাককে দখল করে নেয় এ্যাংলো মার্কিন আগ্রাসী বাহিনী। এর ফলে মধ্যপ্রাচ্যের তেল রপ্তানীকারক দেশগুলোতে ইউরোর প্রভাব (ইরাক ২০০০ সালে ইউরো গ্রহণ করে) খর্ব হবে এবং ইস্রাইল সম্পূর্ণ ঝুঁকিহীন অবস্থায় তার সীমানা সম্প্রসারণে মনোযোগী হতে পারবে।

২। মার্কিন সরকারের ভাষ্য ঃ ওয়ার্ল্ড ট্রেড সেন্টার



১। বাক্স কাঁটার ছুড়িতে সজ্জিত উনিশ জন আরব সন্ত্রাসী ১১ই সেপ্টেম্বর সকালে এক ঘন্টার মধ্যে যাত্রীভর্তি চারটি বোয়িং প্লেন ছিনতাই করে।

২। সন্ত্রাসীদের মধ্যকার বৈমানিকেরা বোয়িংগুলোর নিয়ন্ত্রণ নিয়ে নেয় এবং নিউইয়র্ক ও ওয়াশিংটন ডিসির লক্ষ্যবস্তুর দিকে দিক পরিবর্তন করে।

www.pathagar.com

৩। দুটি বিমান পরিকল্পিতভাবে টুইনটাওয়ারে আঘাত হানে এবং বিধ্বস্ত হয়। ফলে লেলিহান আগুনে কাঠামোর ভারবাহী ষ্টীল গলে যায় এবং পরিনতিতে টুইন টাওয়ারের পতন ঘটে।

৪। তৃতীয় বোয়িংটিকে সুচিন্তিতভাবে পেন্টাগনের সাথে সংঘর্ষে বিধ্বস্ত করা হয়।

৫। চতুর্থ প্লেনের যাত্রীরা সন্ত্রাসীদের পর্যুদস্ত করে কিন্তু প্লেনটি পেনসিলভেনিয়ায় বিধস্ত হয়।

৬। এটা ছিলো আমেরিকার উপর আক্রমন।

মার্কিন সরকার প্রতারনামুলক নিয়ন্ত্রিত প্রচারনা চালায় যে আরবদের নিয়ে গঠিত অতীতে অপরিচিত মার্কিন বিরোধী আন্তর্জাতিক সন্ত্রাসী সংগঠন আল-ক্বায়দার নেতা ওসামা বিন লাদেনের পরিকল্পনা এবং নির্দেশনায় এই হামলা পরিচালিত হয়েছে।

ওসামা বিন লাদেন

ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে বোমা বিস্ফোরনের পরিকল্পনাকারীরা যেমনটি চেয়েছিলো সাথে সাথে অধিকাংশ আমেরিকান এই প্রচারনা মেনে নেয় এবং ওসামা বিন লাদেনকে এই নির্মম ধ্বংস যজ্ঞের জন্য দায়ী ভাবে। সমগ্র আরব জগত মার্কিনীদের শত্রু হয়ে উঠে (যে প্রতিক্রিয়াকে অনেক ইসাইলী স্বাগতম জানিয়েছে)। যেহেতু আমেরিকা কর্তৃক তৃতীয় বিশ্বের শোষনের প্রতিবাদের প্রতীক

www.pathagar.com

ওসামা বিন লাদেন, অনেক আরবও বিশ্বাস করলেন ১১ই সেপ্টেম্বরের পিছনে ওসামার হাত আছে। কিন্তু ওসামা বিন লাদেন কখনও বলেননি তিনি সেপ্টেম্বর ১১ই হামলার পিছনে ছিলেন--- স্পষ্ট করে প্রকাশ্যে তিনি অস্বীকার করেছেন এই অভিযোগ।

ইতোঃপূর্বে আমি বলেছি মার্কিন যুক্তরাষ্ট্রে ১১ই সেপ্টেম্বরের হামলায় আমি জড়িত নই। মুসলিম হিসাবে আমি যথাসম্ভব মিথ্যাকে এড়িয়ে যাবার চেষ্টা করি। এই হামলাগুলো সম্পর্কে আমি কোনকিছুই জানতাম না। তাছাড়া নিরীহ মহিলা, শিশু এবং অন্যান্য মানুষের হত্যাকান্ডকে আমি প্রশংসনীয় ব্যাপার বলে মনে করিনা। নিরীহ মহিলা, শিশু এবং অন্যান্য লোকজনকে ক্ষতি করা থেকে বিরত থাকার জন্য ইসলামের কঠোর তাগিদ আছে। যুদ্ধের ক্ষেত্রেও এই নীতি প্রযোজ্য। ওসামা বিন লাদেন মার্কিন যুক্তরাষ্ট্রই মহিলা, শিশু এবং সাধারণ মানুষের সাথে সব ধরনের দূর্ব্যবহার করে যাচ্ছে...... ওসামা বিন লাদেন। পাকিস্তানী দৈনিক উম্মতের (করাচী) সাথে সাক্ষাত-কার, সেপ্টেম্বর ২৮,২০০১।

১১ই সেপ্টেম্বরের পর কাতারের আলজাজিরা টিভি ষ্টেশন থেকে প্রচারিত একটি ভিডিও ব্রডকাষ্টের (মার্কিন সামরিক বাহিনীর জ্যাকেট গায়ে ওসামা বিন লাদেন বক্তৃতারত.......... যা পাশ্চ্যত্যের পরিকল্পিত জালিয়াতি। কারণ বিষয়টি দাঁড়ায় যুদ্ধকালীন সময়ে সয়াস্তিকা হাতে বেঁধে জার্মান কর্ণেলের পোষাক পরে চার্চিল বক্তৃতা দিচ্ছেন) প্রেক্ষিতে কনডোলেজা রাইস ঘোষণা দেন যে, এই ভিডিও টেপই ১১ই সেপ্টেম্বরের ঘটনায় ওসামা বিন লাদেনের সম্পৃক্ততার স্বীকৃতি। এটা ঠিক নয়-- রাইস সত্যিকার অপরাধীদের থেকে দৃষ্টি সড়িয়ে নেওয়ার অভিপ্রায়ে অফিসিয়াল লাইন রক্ষা করে “আরব সন্ত্রাসী"দের দায়ী করেছেন।

যাহোক, সরকারী ভাষ্যের আরো বিশদ ব্যাখ্যা প্রয়োজন। কিন্তু দাপ্তরিক বর্ণনায় আর কিছুই পাওয়া যায় না। আমাদের কোন প্রকার প্রশ্ন ছাড়াই এই বক্তব্য বিশ্বাস করতে হবে-সাদামাটাভাবে এমনিই ভাবা হয়েছে। শোক-বিহবল মার্কিন জনতার বিরাট অংশই এই সরকারী গল্পে বিশ্বাস করেছে। কারণ এর মাঝে কিছুটা ব্যাখ্যা পাওয়া যায়। এমনকি যাদের জন্য

www.pathagar.com

বিশ্বাস আনা কঠিন ছিলো তারাও ১১ই সেপ্টেম্বরের দ্বিতীয় কোন ব্যাখ্যা খুঁজে পাচ্ছিলো না। আর যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট এবং প্রধান সংবাদ উৎসগুলো বিশ্বকে বলছিলো-এইভাবেই ঘটনা ঘটেছে।

কিন্তু যুক্তিবাদী বিশ্লেষনের কাছে সরকারী বক্তব্য ধোপে টেকে না। প্রকৃত অর্থে এর মাঝে অনেক ছিদ্র আছে। শুধু ছিদ্র নয় সরকারী বক্তব্য হলো মার্কিন জনগণ এবং পৃথিবীবাসীকে বোকা বানাবার জন্য একটি উদ্দেশ্য-প্রনোদিত মিথ্যাচার ।

৩। নজিরবিহীন মিথ্যাচার

সরকারী ভাষ্য অনুযায়ী চারটি জেটলাইনার উনিশজন আরব সন্ত্রাসী কর্তৃক ছিনতাই হয়। তা ছাড়া সরকারী ভাষ্যকে সমর্থন দিয়ে মার্কিন প্রচার মাধ্যমে উনিশজন আত্মঘাতি সন্ত্রাসীর নামসহ টুইন টাওয়ার হামলার সাথে জড়িত প্রধান আল-ক্বায়দা-সদস্যদের নাম প্রকাশ করা হয়।

খালিদ শেখ মুহাম্মদ

খালিদ শেখ মুহাম্মদের বিরুদ্ধে প্রধান অভিযোগ--বেসামরিক প্লেনকে ব্যবহার করে মার্কিন যুক্তরাষ্ট্রের উপর আঘাত হানার ধারণা তার। ছিনতাইকারীদের উপায়-উপকরণ সরবরাহ করার জন্য **মুনীর মোত্তাককে** অভিযুক্ত করা হয়। ইন্দোনেশীয় নাগরিক **হাম্বলীর** বিরুদ্ধে অভিযোগ আনা হয় যে শেখ মুহাম্মদের প্রথম দিককার ষড়যন্ত্রে অর্থের যোগান দিয়েছে এবং ১১ই সেপ্টেম্বরের ঘটনার পিছনে তার সহযোগিতা ছিলো। **ইয়াজীদ সুফাতকে** বন্দী করা হয় কুয়ালালামপুরে আল-কায়দা এজেন্টদের সভা অনুষ্ঠানে সহায়তা করার জন্য। **সাইদ বাহাজী** অভিযুক্ত হয় ছিনতাইকারীদের সহযোগিতা প্রদানের জন্য। **রামজী বিন**

মুনীর মোত্তাক

www.pathagar.com

হাম্বলী

রামজী বিন আল শিব

আল-শিব ছিনতাইকারীদের উদ্দেশ্যে অর্থ প্রেরণের জন্য অভিযুক্ত হোন। ইউসুফ, মুরাদ এবং ওয়ালী শাহ্ সবাই খালিদ মুহাম্মদের সাথে হামলার পরিকল্পনায় অংশ গ্রহণের জন্য অভিযুক্ত হয়। মরোক্কয় গেফতারকৃত **মুহাম্মদ হায়দারের** বিরুদ্ধে অভিযোগ ছিলো আল-কায়দার সদস্য সংগ্রহের। মুহাম্মদ বিন নাসের বেল ফাসের বিরুদ্ধে একই অভিযোগ। ইউনাইটেড আরব আমিরাতস থেকে মার্কিন যুক্তরাষ্ট্রে ছিনতাইকারীদের কাছে হাজার হাজার ডলার প্রেরণের জন্য আল-কায়দার অর্থ বিষয়ক কর্মকর্তা মুস্তফা আহমেদ আল হাওয়াসয়াভির বিরুদ্ধে অভিযোগ আনীত হয়।

মুহাম্মদ হায়দার

এইভাবে সরকারী মিথ্যাচারের সাথে সামন্তরাল প্রতিযোগিতায় নামে ইহুদী নিয়ন্ত্রিত মার্কিন প্রচার-মাধ্যম। সারা পৃথিবীব্যাপী মুসলমানদের চিহ্নিত করা হয় সন্ত্রাসী জনগোষ্ঠিরূপে।

১৯৯৩ তে ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে বোমা হামলার পর মার্কিন প্রশাসন একই ধরনের কৌশল অবলম্বন করেছিলো। বোমা হামলার অব্যবহিত পর এফবিআই ডাইরেক্টর **জেমস ফক্স** ঘোষণা দেন **ওমর আবদেল রহমানের** একজন অনুসারী **মুহাম্মদ সালেমাহ** এই বোমা হামলার জন্য দায়ী। পরবর্তীতে প্রমাণিত হয় মোশাদ অপারেটিভ **জঁসে হাদাস** এই বোমা হামলার নেপথ্য পুরুষ। **"সংকটাপন্ন সময়ে বিব্রতকর প্রশ্ন"- জেমস এস এদাম**।

আমেরিকার রাজনৈতিক মদদে আরবদের বিরুদ্ধে যেভাবে বর্বর ইস্রাইলী আগ্রাসন পরিচালিত হচ্ছে সেক্ষেত্রে মার্কিন যুক্তরাষ্ট্রের উপর আত্মঘাতি হামলা করার জন্য আরবদের অনীহার কোন কারণ থাকার নয়। যদিও একটি অভিযানে উনিশজনকে জড়ো করা কিছুটা কঠিন ব্যাপার।

www.pathagar.com

জঁড়ো করা গেলেও বোয়িং ৭৫৭ এবং ৭৬৭ চালানোর মতো আরব কোথায় পাওয়া যাবে (অভিযুক্ত জেট ছিনতাইকারীদের মধ্যে কেউই পেশাগত পাইলট ছিলো না)? কমসে কম চারজন উচ্চ প্রশিক্ষিত বৈমানিকের প্রয়োজন ছিলো।

প্রচার করা হয়--অভিযুক্ত ছিনতাইকারী পাইলট **মুহাম্মদ আতা, মারওয়া নাল আল-শেহ্হী** এবং **হানী হানযুর** পাইলটের প্রশিক্ষণ লাভ করেছে (সুত্র- সি.আই.এ)। কিন্তু এমনকি একক ইঞ্জিন বিশিষ্ট হালকা প্লেন চালনায় তাদের অদক্ষতা সম্পর্কে তাদের ফ্লায়িং শিক্ষগণ বিচলিত ছিলেন। এয়ারপোর্টের প্রধান ফ্লাইট ইন্সট্রাকটার মার্সে বার্নাড বলেনঃ-

বিমান বন্দরের ইন্সট্রাক্টর সহ হানী হানযুর সেসনা-১৭২ বিমানে আগষ্টের দ্বিতীয় সপ্তাহের শুরু থেকে তিনবার আকাশে উড়েছে। বিমান বন্দর থেকে একটি প্লেন ভাড়া করার ইচ্ছে ছিলো তার...... তিনবার আকাশে উড়ার পর স্কুলের ইন্সট্রাক্টাররা বার্নাডকে জানিয়েছে তাদের বিশ্বাস হানযুর এখনোও একা উড়তে সক্ষম নয়...প্রিন্স জর্জেস জার্নাল (ম্যারিল্যান্ড) ১৮-৯-২০০১।

হানী হানযুর

মার্কিন সরকারী ব্যাখ্যা অনুযায়ী আমাদের বিশ্বাস করতে হবে বিমানে আরোহী ছিনতাইকারীর দল বাক্স কাটার ছুড়ি দিয়ে ফ্লাইট এটেনডেন্টদের পর্যদুস্ত করে পাইলটদের কেবিনে গিয়ে আটজন পেশাদার পাইলটকে কাঁবু করার পর বিমানগুলোর নিয়ন্ত্রন গ্রহন করে। পাইলটদের মধ্যে কেউ কেউ প্রাক্তন সামরিক বাহিনীর সদস্য হওয়া সত্ত্বেও কোন প্রকার প্রতিরোধ করেনি। প্রশিক্ষণ প্রাপ্ত আরব পাইলটরা ফ্লাইট ম্যানুয়েলের সাহায্যে পেশাদার সামরিক পাইলটের ন্যায় নিখুঁতভাবে আকাশ পথ অনুসরন করে লক্ষ্যবস্তুতে আঘাত করেছে! (পেন্টাগনে সামরিক দক্ষতায় কথিত জেট আঘাত হেনেছে) অবাক ব্যাপার, প্রথম বিমান হামলার প্রায় এক ঘন্টা পর পেন্টাগণে আঘাত হানা হয়। অথচ, আমেরিকার আকাশ রক্ষার দায়িত্বে



মুহাম্মদ আতা

www.pathagar.com

নিয়োজিত মার্কিন বিমান বাহিনী সম্পূর্ণ নিষ্ক্রিয় রাইলো। এ কি বিশ্বাসযোগ্য?

৪। মার্কিন **সরকারের ভাষ্য ঃ পেন্টাগন**

নিউইয়র্ক টাইমসে (ইন্টারন্যাশনাল হ্যারল্ড ট্রিবুন ১৭-১০-২০০১, পা-৮) সরকারী ভাষ্য যেভাবে এসেছে বোয়িং ৭৫৭, এ এ ফ্লাইট ৭৭ ঘন্টায় ৫০০ মাইল বেগে ২৭০ ডিগ্রী কোনে ৭০০০ ফুট নীচে নেমে এসে পেন্টাগনে আঘাত করে। বোয়িং অনুভূমিক বক্রপথে (যাতে পেন্টাগণের সর্বোচ্চ ক্ষতি হয়) এতো নীচে নেমে আসে যে রাস্তার দুধারের বিদ্যুতের তার ছিড়ে যায় (কিন্তু যেভাবেই হোক বোয়িং ৭৫৭'র পাখার বিস্তৃতির চেয়ে কম প্রশস্ত দুটি বিদ্যুৎ স্তম্ভের মাঝ দিয়ে প্লেনের গলিয়ে যাওয়া সম্ভব নয়) ।

আমাদেরকে বলা হলো (নিশ্চয়ই বিশ্বাস আনার লক্ষ্যে) যে হানি হানযুর নামক আরব পাইলট বোয়িং পরিচালনা করেছে। ২০০১ এর আগষ্ট বোয়িস (Bowie's Maryland Freeway airport) **মেরিল্যান্ড ফ্রীওয়ে এয়ারপোর্টের প্রধান ফ্লাইট ইন্সট্রাকটর** ঘোষনা দেন এমনকি **সেসনা-১৭২** (Cessna-172) এককভাবে চালানোর দক্ষতা অর্জিত হয় নি হানযুরের **(ব্যাপারটি এক্ষেত্রে কি রহস্যময় নয় ?)**।

টুইন টাওয়ার পতনের পর ২০০২ এর ফেব্রুয়ারীর আগ পর্যন্ত পেন্টাগণে হামলার বিষয়টি তেমন গুরুত্ব পায়নি। মার্কিন যুক্তরাষ্ট্রের সামরিক ওয়েবসাইটস্থ কিছু ছবি নিয়ে একটি ফরাশী ওয়েবসাইট (www.asile.org/citoyens/numero13/pentagone/erreurs_en.htm) প্রকাশ পায়। এই ছবিগুলোর কারনে পেন্টাগনে বোয়িং-৭৫৭ জেটলাইনার আঘাত করেছে- সরকারী বক্তব্যের উপর সন্দেহ ঘনীভূত হয়।

www.pathagar.com

উদাহরন স্বরূপ এখানে বোয়িং যেখানে বিধ্বস্ত হয়েছে সে স্থানের ছবি নং-১ দেখুন (ঘটনা ঘটার অল্প কিছুক্ষন পরেই, কারন আগুন এখনো জ্বলছে)। আপনারা কি দেখতে পাচ্ছেন বোয়িং ৭৫৭'র ১০০ টন ধাতব বস্তুর (ইঞ্জিন, পাখা এবং লেজের অংশ সহ) কোন অবশিষ্টাংশ এখানে বর্তমান ?

এখানে আরেকটি সুন্দর দৃশ্য (ছবি -২)। বোয়িং এর পাখা কোথায় গেলো? ধারনা করা যায় দালানের এক অংশে (দালানের বিধ্বস্ত অংশের বাম এবং ডান দিকে) বোয়িং-৭৫৭ আঘাত করার সাথে সাথে ইঞ্জিন সংযুক্ত ডানাদ্বয় ছিটকে পড়বে এবং পেন্টাগনের সম্মুখবর্তী তৃনাবৃত ভূমিতে ডানা ও লেজের খন্ডিতাংশ ছড়িয়ে ছিটিয়ে থাকবে। ২নং ছবিতে কোন খন্ডিতাংশ কি দেখা যাচ্ছে অথবা ফরাশী ওয়েব সাইটের অন্য কোন ছবিতে ? **একটি বা দুটি ইঞ্জিনের অস্তিত্ব কোথায় ? নাইত। কৌতুহল জাগছে ....**
এমনকি হতে পারে না যে কোন বোয়িং ৭৫৭ পেন্টাগনে আঘাত করেনি ?

ছবি-১

ছবি-২

খেয়াল করুন ফরাসী ওয়েব সাইট বলছে না যে কোন বিমান পেন্টাগনে আঘাত করেনি। ধরে নেয়া যাক পেন্টাগন বিধ্বস্ত হবার মূল কারন ট্রাক-বোমা (এসোসিয়েটেড প্রেসের প্রথম রিপোর্টে বলা হয় বোমা-ভর্তি ট্রাক পেন্টাগনে আঘাত করেছে)। কোন বিমান পেন্টাগনে বিধ্বস্ত হয়নি। কিন্তু সূক্ষ্ম পর্যবেক্ষন জানিয়ে দিচ্ছে ফরাসী ওয়েব সাইটের বক্তব্য শুধুমাত্র এই যে পেন্টাগন **বোয়িং ৭৫৭ এর** কারণে ক্ষতিগ্রস্থ হয়নি । তা হলে পেন্টাগন বিধ্বস্ত হলো কিভাবে? ৩নং ছবিটি বাইরের দেয়াল -পতনের আগের ঘটনাস্থল। ৪ নং ছবিটি ঘটনাস্থলের নিকটতম দৃশ্য।

www.pathagar.com

লক্ষ্য করুন বোয়িং এর আঘাতের ফলে সৃষ্ট বিরাট গর্ত। বোয়িং ৭৫৭ (কথিত) প্রচন্ড জোড়ের সাথে আঘাত করে দালানের ভিতরে হারিয়ে গেলো (অনুসন্ধানকারীরা বোয়িং এর কোন ধ্বংসাবশেষই খুঁজে পেলো না)? ....না ? .... সত্যিকার অর্থে পেন্টাগনে **মিসাইল** আঘাত করেছে এমনও হতে পারে ? মিসাইল বাইরের দেয়ালে আঘাত করায় সৃষ্টি হয়েছে ক্ষুদ্রাকৃতি গর্ত। কয়েক ঘন্টা পর সুযোগ মতো দেয়ালটির পতন ঘটানো হয়েছে **(অনুমান করা যেতে পারে ঐ দুই বা তিন মিটারের গর্ত দিয়ে বোয়িং ৭৫৭ প্রবেশ করতে পারে কেউই বিশ্বাস করবে না- তারা বুঝতে পেরেছিলো)।**

ছবি-৩

ছবি-৪

আরেকটি প্রশ্ন ঃ এএ ফ্লাইট৭৭(AA Flight77) এ **ছাপ্পান্ন থেকে চৌষট্টি জনের মতো যাত্রী এবং ক্রু ছিলো** যদি পেন্টাগনের গায়ে প্লেনটি আঘাত করে তাহলে **মৃত দেহগুলো কোথায় গেলো? যাত্রীদের মালপত্রেরই বা হদিশ কোথায় ?** এই দুটি কখনোই দৃষ্টিগোচরে আসেনি। প্রতিটি বিমান দূর্ঘটনায় মৃত দেহ পাওয়া যায় (অগ্নিদগ্ধের মাত্রা যতোই ভয়াবহ হোক)। এএ ফ্লাইট৭৭(AA .Flight77) এর কোন যাত্রীর দেহাবশেষ কি সৎকারের উদ্দেশ্যে তাদের নিকটজনের কাছে হস্তান্তর করা হয়েছে ? না ? ঘটনাতো এমন হতে পারে যে এএ ফ্লাইট৭৭(AA Flight77) এর যাত্রীরা পেন্টাগনে হামলার জন্য মৃত্যু বরন করে নি? সম্ভবতঃ তারা অন্য কোথাও মুত্যু বরন করে থাকবে যেমন **পেনসিলভিনিয়ায়?**

www.pathagar.com

ছবি-৩-৪-এ হামলার অব্যবহিত পরেই পেন্টাগনের মূল দালানটি দেখা যাচ্ছে। লক্ষ্য করলেই দেখতে পারবো প্লেনটি নীচের তলায় আঘাত করেছে। উপরের চারটি তলা সকাল ১০.১০ এর দিকে ধ্বংস হয়ে পরেছে। দালানটি ২৬গজ উচুঁ।

ছবি-৫

কিভাবে সম্ভব- **১৪.৯ গজ উঁচু, ৫১.৭ গজ লম্বা, ৪১.০৫ গজ প্রশস্ত ডানা** এবং **৩.৮ গজ উঁচু ককপিটের** একটি বোয়িং পেন্টাগনের শুধুমাত্র নীচ তলায় আঘাত লেগে বিধস্ত হয়?

আবার চলুন ফিরে যাই ফরাসী ওয়েব সাইটে। ছবি-৫ এ দেখা যাচ্ছে ট্রাক থেকে পেন্টাগনের সম্মুখবর্তী মাঠে বালি এবং এর পিছনে বুলডোজার থেকে ঘাসের আচ্ছাদনের উপর পাথরের নুড়ি ছড়ানো হচ্ছে।

বিষয়টি বোধগম্য নয়--আক্রমনে ক্ষতিগ্রস্থ না হওয়া সত্বেও প্রতিরক্ষা সচিব উঠোনে কেনো বালু দিয়ে ঢেকে দেবার প্রয়োজন বোধ করলেন? ৬ নং ছবিতে স্পষ্ট বুঝা যাচ্ছে পেন্টাগনের আকাশে বোয়িং ৭৫৭-২০০ এর ছবি কৃত্তিমভাবে স্থাপন করা হয়েছে। আপনারা ব্যাখ্যা করুন বিমানের ডানা কোথায় গেলো তারা কোন ক্ষতিসাধন করলো না কেনো? আপনারা কেউকি বোয়িং দেখতে পেলেন?



ছবি-৬

২০০১ এর ১২ই সেপ্টেম্বরে পেন্টাগনে অনুষ্ঠিত সহকারী প্রতিরক্ষা সচিবের সাথে আরলিংটন কান্টি ফায়ার চীফ, এডপ্লগারের প্রেস কনফারেন্সের সূত্রে প্রশ্ন হলো কান্টি ফায়ার চীফ বিমানের ধ্বংসাবশেষ সম্পর্কে রিপোর্টারদের কিছু বলতে পারলেন না কেন ?

www.pathagar.com

তারপরেও ঘটনার সরকারী ব্যাখ্যায় বিশ্বাস করতে হবে ?

ইউএ ফ্লাইট ৯৩ (UA Flight 93) এর ছিনতাইকারীদের বিরুদ্ধে সাহসী যাত্রীদের যে ভূমিকা নিউজ উইকে প্রকাশিত হয়েছে এর সম্পূর্ণটাই কাল্পনিক এবং অতিরঞ্জিত। হলিউডের ছোট ছোট স্ক্রিপ্ট লিখতে প্রশিক্ষিত কোন মনস্তাত্বিক যুদ্ধের আপরেটিভ সাহসী যাত্রীদের গল্প বানিয়েছে আর মিডিয়ার কোন লম্পট মালিক তা ছড়িয়েছে। বিপন্ন যাত্রীরা সেল ফোনে তাদের আত্মীয়দের ডেকেছিলো (এ বক্তব্য সত্য হতে পারে। কারণ তাদেরকে ডাকতে বলা হয়েছিলো শ্রীঘ্রই প্রকাশিতব্য সরকারী ভাষ্যকে সমর্থন দেবার জন্য)। কথিত সেল ফোনে কেউই **আরব হাইজাকারদের** কথা উল্লেখ করেনি। **কেনো করেনি** ? কারণ সেখানে কোন আরব হাইজ্যাকার ছিলো না।

৫ আসলে কি ঘটেছিলো!

১১ই সেপ্টেম্বরের বিচ্ছিন্ন ঘটনাগুলোকে আলাদা আলাদা না দেখে এক সূত্রে গেঁথে পুরোপরি বুঝতে পারলে দেখা যাবে যে মূল পরিকল্পনাটি কার্যকর করা হয়েছে তা কতো সাধারণ। পরিকল্পনাটির পুরোটুকু না হলেও প্রায় সম্পূর্ণটুকু বাস্তবায়িত করা হয়েছিলো কোন প্রকার বিপত্তি ছাড়াই। স্নেক প্লিসকিন (Snake Plissken) ছদ্মনামে একজন ইনফর্মার ৯-১১ঃ দি ফ্লাইট অব দি বামবল প্লেনস নামক নিবন্ধে ওয়েব পেজ সম্পাদক ক্যারল ভ্যালেন্টাইনের কাছে পরিকল্পনাটি প্রকাশ করেন।

সংক্ষিপ্তভাবে বলতে গেলে আরবদের দ্বারা নয় তথাকথিত মার্কিনীরা (বেসামরিক **"রাষ্ট্রীয় নিরাপত্তা ও গোয়েন্দা" সংস্থার এজেন্ট, সিআইএর মতো প্রতিষ্ঠানগুলো, মার্কিন বিমান বাহিনীর উচ্চ পদবীধারী কর্মকর্তা এবং মার্কিন প্রশাসনের শীর্ষ স্থানীয় কর্মকর্তা) সম্ভবতঃ ইস্রাইলীদের সাথে** মিলিতভাবে এই ষড়যন্ত্রের জন্ম দেয়ঃ

ক) চারটি বেসামরিক বিমানের নিয়ন্ত্রণ নিতে হবে।

খ) টুইন টাওয়ার এবং পেন্টাগনে হামলার মাধ্যমে ব্যাপক জীবনহানি ঘটাতে হবে।

www.pathagar.com

গ) ঘটনাবলীকে এমনভাবে সাজাতে হবে যাতে মনে হয় এই বিমানগুলোকে হামলায় ব্যবহার করা হয়েছে।

ঘ) হামলায় অংশগ্রহণকারী নয় ঘটনার নিরুৎসাহী সাক্ষী বেসামরিক বিমানগুলোর যাত্রীদের হত্যা করতে হবে।

ঙ) এই সব হামলার জন্য "আরব সন্ত্রাসীদের" অভিযুক্ত করতে হবে। মধ্যপ্রাচ্য এবং এশিয়ায় **"আমেরিকার শত্রুদের"** বিরুদ্ধে সামরিক অভিযান শুরু করার লক্ষ্যে আনীত অভিযোগকে প্রেক্ষিত হিসেবে ব্যবহার করতে হবে। **আসল উদ্দেশ্য হবে ঐ সব দেশের তেল এবং খনিজ সম্পদের কর্তৃত্ব গ্রহণ করা।**

দীর্ঘকাল ব্যাপী ষড়যন্ত্রের রূপরেখা প্রণীত হলে মার্কিন রাষ্ট্রীয় নিরাপত্তা সংস্থাগুলো পরিকল্পনা বাস্তবায়নে কথিত সন্ত্রাসীদের নিয়োগ দেয়। সন্ত্রাসীদের তারা অর্থ (পাকিস্তানী আইএসআই অপারেটিভদের মাধ্যমে), মার্কিন ভিসা, মার্কিন বিমান স্কুলে প্রশিক্ষণ এবং দরকারী তথ্য দিয়ে সব ধরনের সাহায্য করে। সন্ত্রাসীরা পরিকল্পনা কার্যকর করতে পারবে এমন ধারণা ছিলো না (কারণ ১৯৯৩ এ ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের উপর হামলায় তাদের পূর্বসূরীরা তালগোল পাকিয়ে নিজদের অযোগ্য প্রমাণিত করেছিলো) বরং এদের **"ব্যবহারের উপযুক্ত নির্বোধ"** হিসেবে আপাতঃগ্রাহ্যরূপে অভিযুক্ত করা হবে (যেমনটি ওকলাহোমা সিটি বোম্বিং এ টিমথী মেকভেইকে **"ব্যবহারের উপযুক্ত নির্বোধ"** হিসেবে অভিযুক্ত করা হয়েছে)। মূল পরিকল্পনাটি ছিলো বিশাল যার বাস্তবায়নে ভকিষ্যত ছিনতাইকারীরা সক্ষম ছিলেন না। তাদের যন্ত্রপাতি এবং টুইন টাওয়ারে প্রবেশের পূর্ব অভিজ্ঞতার প্রয়োজন ছিলো যা তাদের ছিলো না।

১১ই সেপ্টেম্বরে যা ঘটেছিল তার সম্ভাব্য বর্ণনা পেশ করা হলো (কিছু ব্যতিক্রম উল্লেখ করা হয়েছে) ঃ

১। দূর থেকে নিয়ন্ত্রণযোগ্য (Remote Controlled) যাত্রীবিহীন তিনটি প্লেনকে মার্কিন সামরিক বাহিনীর লোকেরা (সম্ভবতঃ North

www.pathagar.com

American Aero Space Defence Command) প্রস্তুত রাখে ঃ

o উচ্চ মাত্রার বিস্ফোরক ভর্তি বা মিসাইল বহনে সক্ষম অথবা বিস্ফোরক ও মিসাইল সহ একটি মিলিটারী জেট।

o মিসাইল সজ্জিত একটি এফ-১৬ জেট ফাইটার।

o একটি বোয়িং ৭৬৭ যাকে ইউনাইটেড এয়ার লাইনসের জেটের মতো রং করা হয়েছে (একে "নকল ফ্লাইট ১৭৫" বলা যায়)।

গ্লোবাল হক-মার্কিন বিমান বাহিনীর দূর নিয়ন্ত্রিত যাত্রীবিহীন জেট যার পাখার দৈর্ঘ্য বোয়িং ৭৩৭ এর পাখার অনুরূপ

* বিকল্প তত্ত্ব হলো এফ-১৬র বদলে AGM-86C ক্রুস মিসাইল ব্যবহার করা হয়েছে। বি-৫২ থেকে এই মিসাইল নিক্ষেপ করা যায় এবং GPS নিয়ন্ত্রনে লক্ষ্য বস্তুতে আঘাত হানতে সম্ভব। বিস্ফোরনের সাথে ২০০০° সেন্টিগ্রেডের চেয়ে বেশী তাপ সৃষ্টি হয়।

এফ-১৬

২। তাদের সিআইএ এবং এফবিআই-অভিভাবকদের কাছ থেকে নির্দেশ পেয়ে ১১ই সেপ্টেম্বর খুব সকালে মোহাম্মদ আতা এবং অন্যান্য আরবরা আমেরিকান এয়ারলাইনস এবং ইউনাইটেড এয়ারলাইনসের প্লেনে আরোহন করে। এয়ারপোর্টের নিরাপত্তা ক্যামেরাগুলোতে আতা এবং অন্যান্যদের ছবি রেকর্ড করা হয় যাদের পরবর্তীতে **"ছিনতাইকারী"** হিসেবে ঘোষণা দেয়া হয়।

www.pathagar.com

৩। চারটি বেসামরিক জেট প্লেন উড্ডয়ন করে ঃ

- ১১ জন ক্রু সদস্য, ৭৯ থেকে ৮২ জন যাত্রীসহ (ক্যাপাসিটির প্রায় ৩৯%) সকাল ৭টা ৫৯ মিঃ-এ এএ ফ্লাইট৭৭(AA Flight77) এবং বোয়িং ৭৬৭ (Boeing 767) লসএঞ্জেলসের উদ্দেশ্যে বোষ্টনের লগান (Logan) বিমানবন্দর ত্যাগ করে (এটা সেই জেট সরকারী ভাষ্যে যেটা উত্তর টাওয়ারে আঘাত করেছে)।
- ৬ জন ক্রু সদস্য এবং ৫০ থেকে ৫৮ জন যাত্রীসহ (ক্যাপাসিটির প্রায় ২৭%) এএ ফ্লাইট৭৭(AA Flight77) এবং বোয়িং ৭৫৭ (Boeing 757) ৮টা ১০ মিঃ-এ লসএঞ্জেলসের উদ্দেশ্যে উত্তর ভার্জিনিয়ার (North Virginia) ডুলেস (Dules) বিমান বন্দর ত্যাগ করে (এই সেই কথিত জেট যা পেন্টাগনে আঘাত করেছে)।
- ৯ জন ক্রু সদস্য এবং ৪৭ থেকে ৫৬ জন যাত্রীসহ (ক্যাপাসিটির প্রায় ২৬%) ইউএ ফ্লাইট১৭৫ (UA Flight 175) এবং বোয়িং ৭৫৭ (Boeing 757) সকাল ৮টা ১৩ মিঃ এ লসএঞ্জেলসের উদ্দেশ্যে বোস্টনের লগান (Logan) বিমানবন্দর ত্যাগ করে (সরকারী বর্ণনায় এই প্লেনটি সাউথ টাওয়ারে আঘাত করেছে)। সানফ্রান্সিসকোর উদ্দেশ্যে ইউএ ফ্লাইট৯৩ (UA Flight 93) এবং বোয়িং ৭৫৭ (Boeing 757) এর নিউয়র্ক এয়ারপোর্ট (Nework Airport) ত্যাগের নির্ধারিত সময় ছিলো সকাল ৮টা ১ মিঃ। কিন্তু দেরী হবার কারণে সকাল ৮টা ৪১মিঃ এ ৭ জন ক্রু সদস্য এবং ২৬ থেকে ৩৮ জন যাত্রীসহ (ক্যাপাসিটির প্রায় ১৬%) প্লেন দুটি নির্ধারিত গন্তব্যের লক্ষ্যে নিউয়র্ক ত্যাগ করে (এই সেই জেট যেটা পেনসিলভেনিয়ায় বিধ্বস্ত হয়)।

৪। দূর নিয়ন্ত্রণের (Remote Control) মাধ্যমে নকল ফ্লাইট ১৭৫ (Pseudo Flight 175) সামরিক ঘাটি থেকে উড্ডয়ন করে। উড়ে এসে ইউএ ফ্লাইট ১৭৫ (UA Flight 175) এর চলার পথে প্রবেশ করে। ইউএ ফ্লাইট ১৭৫ (UA Flight 175) এর দিক অনুসন্ধানী

www.pathagar.com

রাডার অপরেটররা দেখতে পায় **দুটি উজ্জ্বল আলোক বিন্দু মিলে যাচ্ছে।**

৫। আকাশে উড়ার আধ ঘন্টার পর চারটি বেসামরিক বিমানের পাইলটকে রেডিওর মাধ্যমে জানানো হয় সন্ত্রাসীদের দ্বারা আমেরিকা আক্রান্ত। তাদেরকে রেডিও সিগনাল গ্রহণকারী ও প্রেরণকারী যন্ত্র (Transponder) বন্ধ করে আমেরিকার উত্তর পূর্বাঞ্চলে অবস্থিত একটি সামরিক ঘাটিতে বিমানগুলোকে অবতরন করার জন্য বলা হয় (সামরিক ঘাটির দিক নির্দেশনা দিয়ে দেয়া হয়- উত্তর ভার্জিনিয়ার চার্লস্টনের নিকট ইয়েগর বিমান বন্দর)।

৬। পাইলটরা নির্দেশ মেনে চলার পথ পরিবর্তন করে।

৭। নকল ফ্লাইট ১৭৫ নিউইয়র্কের দিকে দিক পরিবর্তন করে। রাডার অপাটেরদের কাছে মনে হয় ইউএ ফ্লাইট ১৭৫ (UA Flight 175) ম্যানহাটনের দিকে উড়ে যাচ্ছে।

৮। ইউএ ফ্লাইট ৯৩ (UA Flight 93) এর যাত্রীদের বিশ্বাস করানো হয় যে তাদের প্লেনটি ছিনতাইকারীদের কবলে পরেছে। সেল ফোনের মাধ্যমে নিকট আত্মীয়দের ডাকার জন্য তাদের পরামর্শ দেয়া হয় (এইভাবে পরবর্তীতে সরকারী ভাষ্যকে সমর্থন যোগানের উদ্দেশ্যে ভুয়া প্রমাণ সৃষ্টি করা হয়)।

৯। দুর নিয়ন্ত্রনের সাহায্যে সামরিক জেট আকাশে উড়ে এবং (সম্ভবতঃ ফ্লাইট ১১ এর চলার পথে প্রবেশ করে রাডার অপারেটরদের সন্দিহান করে তোলার জন্য) সকাল ৮ টা ৪৫ মিঃ এ নর্থ টাওয়ারের মুখোমুখি হয়। জেট প্লেন নর্থ টাওয়ারের ভিতরকার পূর্বে স্থাপিত বোমার বিস্ফোরণের মধ্যে নর্থ টাওয়ারের গায়ে বিধ্বস্ত হয়। (ফ্লোরিডার একটি স্কুলে বসে জর্জ ডাব্লু বুশ ক্লোজ সার্কিট টিভিতে বিস্ফোরনের দৃশ্য দেখেন)

www.pathagar.com

১০। দূর নিয়ন্ত্রনের (Remote Control) সাহায্যে নকল ফ্লাইট ১৭৫ ম্যানহাটানের দিকে অগ্রসর হয় এবং সকলা ৯টা ৩ মিঃ এ সাউথ টাওয়ারে বিধ্বস্ত হয়। ১০০ টন ওজনের বোয়িং ৭৬৭ কে দূর নিয়ন্ত্রনের মাধ্যমে পরিচালনার অভিজ্ঞতা না থাকায় বোয়িং এর নিয়ন্ত্রকেরা প্রায় সাউথ টাওয়ারের লক্ষ্যভ্রষ্ট হয়ে গিয়েছিল। কিন্তু কৌনিকভাবে এক কোনায় আঘাত করতে সক্ষম হয়। বেশীর ভাগ জেট জ্বালানী সাউথ টাওয়ারের কোনা দিয়ে প্রবাহিত হয় এবং দালানের বাইরে প্রচন্ড বিস্ফোরনে আগুনের বিশাল কুন্ডলীর সৃষ্টি করে। (বোয়িং ৭৬৭ এর আঘাত এবং আগুনের কুন্ডলীর দৃশ্য অনেকের ক্যামেরাতে ধারণ করা আছে।)

১১। জাতির কাছে জর্জ ডাব্লু বুশ ঘোষণা দেন যে তিনি কিছু ফোন কল করেছেন এবং তারপর আট ঘন্টার জন্য আত্মগোপন করেন। এখনও আকাশে (কথিত ছিনতাইকৃত) দুটি প্লেনের গতি রোধ করার লক্ষ্যে দ্রুত আত্মরক্ষামূলক ব্যবস্থা গ্রহণে ওয়াশিংটনের নিকটস্থ ঘাঁটিগুলোর মার্কিন বিমান বাহিনীর জেটগুলোকে আদেশ দানে জর্জ বুশ ব্যর্থ হোন। বিমান বাহিনীর অন্যকোন অফিসারও উড়ন্ত প্লেনগুলো বাধা দেবার জন্য জেটগুলোকে আদেশ দিলো না। প্রথম বাণিজ্যিক জেট আকাশ পথে হারিয়ে যাবার এক ঘন্টা এবং নর্থ টাওয়ারে বিস্ফোরনের ৪৫ মিঃ পর বিমান বাহিনীর জেটগুলো আকাশমুখী হয়।

১২। দূর নিয়ন্ত্রনের সাহায্যে এফ-১৬ (F-16) ফাইটার দ্রুত গতিতে ওয়াশিংটন ডিসির দিকে উড়ে যায় (সম্ভবতঃ এএফ্লাইট ৭৭ চলার পথের উপর দিয়ে)। ভূমি বরাবর নেমে এসে আনুভূমিকভাবে পেন্টাগনের মুখোমুখি হয়। এফ-১৬ মিসাইল নিক্ষেপ করে এবং তারপর পেন্টগনের সাথে ধাক্কা খেয়ে বিধ্বস্ত হয় (সকাল ৯টা ৩৮ মিঃ)। এর ইঞ্জিন পেন্টাগনের কয়েকস্তর ভিতরে প্রবেশ করে।

www.pathagar.com

বিকল্প তত্ত্ব হলো এজিএম-৮৬ সি (AGM-86) মিসাইল পেন্টাগনে আঘাত করেছে। মিসাইল পেন্টাগনের কয়েকটি দালানের স্তর ভেদ করে ভিতরে প্রবেশ করে। সম্মুখবর্তী প্রত্যেক দেয়ালে অধিকতর বড় গর্ত সৃষ্টি হয়।

১৩। এরই মধ্যে (সকাল ৯টা ১৫ মিঃ থেকে ৯টা ৪৫ মিঃ এর মধ্যে চারটি এএ (AA) এবং ইউ এ (UA) জেট নির্দেশিত সামরিক ঘাটিতে অবতরন করে। এএ ফ্লাইট ৭৭, এএ ফ্লাইট ১১ এবং ইউএ ফ্লাইট ১৭৫ এর ১৯৯ জন (পরে তালিকাভূক্ত) যাত্রী এবং ক্রুকে ইউএ ফ্লাইট ৯৩ তে উঠানো হয়। এখানে তাদের সাথে যোগ দেয় আরো তেত্রিশ জন (পরে তালিকাভূক্ত) যাত্রী এবং ক্রু। যাত্রী এবং ক্রু মিলিয়ে সর্বমোট সংখ্যা দাড়ায় ২৩২জন। ইউএ ফ্লাইট ৯৩ (UA Flight 93) তে বিস্ফোরক ভর্তি করা হয়।

১৪। বিমান হামলার ৫৬ মিঃ পর নিয়ন্ত্রিত পতনের (Controlled demolition) মাধ্যমে সাউথ টাওয়ার ধ্বংশ করা হয় (সকাল ৯টা ৫৯ মিঃ)।

১৫। সকাল ১০টা বা ১০টা ১৫র দিকে ইউএ ফ্লাইট ৯৩ (UA Flight 93) সামরিক ঘাটি থেকে উড্ডয়ন করে (দূর নিয়ন্ত্রনের সাহায্যে অথবা নিজ ভবিষ্যত সম্পর্কে অনবহিত সামরিক বাহিনীর কোন পাইলটের নেতৃত্বে) এবং "ভুয়া সন্ত্রাশী" হামলার উদ্দেশ্যে ওয়াশিংটনের দিকে উড়ে যায়।

১৬। বিমান হামলার ১ ঘন্টা ৪৫ মিঃ পর নিয়ন্ত্রিত পতনের (Controlled demolition) মাধ্যমে নর্থ টাওয়ার ধ্বংশ করা হয় (সকাল ১০টা ২৯ মিঃ)।

www.pathagar.com

১৭। হয় ইউএ ফ্লাইট ৯৩ (UA Flight 93) তে রাখা বিস্ফোরকে বিস্ফোরন ঘটেছে অথবা মার্কিন বিমান বাহিনীর এফ-১৬ (F-16) ফাইটার জেট থেকে নিক্ষিপ্ত মিসাইলে পেনসিলভিনিয়ার উপর ফ্লাইট-৯৩ টুকরা টুকরা হয়ে যায় (নিউইয়র্ক বিমান বন্দর হতে উড্ডয়নের প্রায় দু'ঘন্টা পর সকাল ১০টা ৩০ মিঃ এ)। রয়টার্রস সেপ্টেম্বর ১৩, ২০০১ এর সূত্রে প্রকাশ এলাকার বাসিন্দাদের আকাশে দ্বিতীয় প্লেন (F-16) গোচরীভূত হয় এবং এলাকাবাসী আকাশ থেকে প্লেনের ভগ্নাংবশেষ পরতে দেখে।

"ছিনতাইকৃত" চারটি বিমানের সকল যাত্রী এবং ক্রু কে এইভাবে নিশ্চিহ্ন করা হয়। হতে পারে নাও হতে পারে এর মধ্যে মুহাম্মদ আতা সহ ৩৪ জন যাত্রী ছিলো (পরে তালিকাভূক্ত) যারা পরিকল্পনা বাস্তবায়নে ভূমিকা রেখেছে।

১৮। পেন্টাগনের যে বাইরের দেয়ালে আঘাত করা হয় তরে পতন ঘটানো হয় (যার ফলে অভিঘাত সৃষ্টিকারী বস্তু-সৃষ্ট ক্ষদ্রাকৃতি গর্ত যাতে কারো নজরে না আসে)।

১৯। দুপুরের দিকে মিডিয়ার বদমাশরা এই গল্প প্রচার শুরু করে "সন্ত্রাশী হামলার" মূল পরিকল্পনাকারী ওসামা বিন লাদেন।

২০। বিকাল ৫ টার দিকে ওয়ার্ল্ড ট্রেড সেন্টার-৭ (সলোমন ব্রাদার্স বিল্ডিং) নামে পরিচিত দালানটিতে নিয়ন্ত্রিত পতনের মাধ্যমে ধ্বস নামানো হয়।

২১। প্রধান মিডিয়াগুলোর প্রচারে বিভ্রান্ত হয়ে শোক-বিহ্বল, ক্রোধান্বিত মার্কিন জনতা সন্ত্রাসীদের বিরুদ্ধে প্রতিশোধের দাবী তোলে। তাদের ধারনা আরব মুসলিম মৌলবাদীরা এই ঘটনার জন্য দায়ী।

www.pathagar.com

২২। জর্জ ডাব্লিউ বুশ তার "সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধের" ঘোষনা দেন। আফগানিস্তানকে মার্কিন তেল স্বার্থের কাছে মাথা নোয়ানোর লক্ষ্যে পূর্ব পরিকল্পনা অনুযায়ী বোমা ফেলার জন্য পেন্টাগন ত্বরিৎ গতিতে মাঠে নামে।

ধ্বংসপ্রাপ্ত ওয়ার্ল্ড ট্রেড সেন্টার

সার্বিকভাবে ১১ই সেপ্টেম্বরের ঘটনার এটাই সম্ভাব্য ব্যাখ্যা। মার্কিন সরকারী ভাষ্যের বিপরীতে এই ব্যাখ্যা স্ববিরোধহীন। শুধু মাত্র সম্পূর্ণ এবং নিরপেক্ষ তদন্তই ১১ই সেপ্টেম্বরে সংগঠিত ঘটনার সত্যকে তুলে ধরবে। মার্কিন জনতার প্রতিক্রিয়ার ভয়ে এই ধরনের তদন্ত কার্যক্রম প্রতিরোধে যা যা করা প্রয়োজন বুশ প্রশাসন তাই করেছে।

৬. টুইন টাওয়ারের অভ্যন্তরে বিস্ফোরনের প্রমাণ

সারা পৃথিবী ব্যাপী লক্ষ লক্ষ মানুষ ১১ই সেপ্টেম্বর, ২০০১ এ টুইনটাওয়ারের ঘটনাবলী সরাসরি সিএনএন -এ প্রায় অবিশ্বাসের সাথে প্রত্যক্ষ করলো। তারা দেখলো ম্যানহাটানের আকাশ ধোয়ায় আচ্ছন্ন হয়ে পরেছে এবং তারা আরো দেখলো অদ্ভুতভাবে টুইন টাওয়ার ধ্বসে পরছে। পতিত টাওয়ার দুটি একে অপরের উপর পরেনি; তারা ভিতর থেকে এমনিভাবে ধ্বসে পরেছে যা



ঘন কালো ধোয়াঁ, ছাই আর ধূলায় আচ্ছন্ন টুইন টাওয়ার ঃ অভ্যন্তরে উচ্চ-শক্তির বিস্ফোরনের প্রমাণ।

www.pathagar.com

অনেকে লক্ষ্য করেন ভবনের "নিয়ন্ত্রিত পতনের" ক্ষেত্রে। "নিয়ন্ত্রিত পতনে" বিশাল এলাকায় ভগ্নাবশেষ ছড়িয়ে বিশৃংখলভাবে দালান ভেংগে পরে না; বরং নিজের উপরেই দালানটি বসে পরে। এইভাবেই ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের পতন ঘটেছে।

অভ্রান্ত প্রমান এখন বেরিয়ে আসছে টুইন টাওয়ারকে ভিত্তি থেকে উড়িয়ে দেয়া হয়েছে। প্লেনের সাথে সংঘর্ষ আর আগুন প্রধান ঘটনা থেকে মনোযোগ ভিন্নমুখী করার দুর্বল প্রয়াস।

শাব্দিক অর্থে প্রথমে এবং টাওয়ার দুটির পর্যায়ক্রমিক পতনের প্রথম পর্বে টাওয়ার দুটির ভিত্তিতে বিস্ফোরন ঘটানো হয়। ঘটনার সাক্ষী একটি হেলিকপ্টার ক্যামেরায় রেকর্ড করেছে ঠিক পতনের আগে টাওয়ার দুটি লাফাচ্ছে। ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের বেইসমেন্টে বিরাট আকারের বিস্ফোরন স্পষ্টতঃ মাটির সত্তর ফিট নীচ থেকে ভারী কাঠামোটিকে (Structure) উপরে উঠিয়েছে এবং নীচে নামিয়েছে। ভূগর্ভস্ত বিস্ফোরন পাথুরে তলদেশ থেকে প্রধান ভারবাহী স্তম্ভগুলো বিচ্ছিন্ন করে ফেলায় টুইন টাওয়ারের পতন ঘটে। বিস্ফোরনের ফলে বেশ কয়েকদিন ধরে নীচের বেইসমেন্টগুলোতে জমে থাকা গলিত সীসার উত্তপ্ত কুন্ড (১৫৩৫ + ডিগ্রী সেঃ) এবং পরিস্কার ভূ-কম্পনের বিষয়টি এখনো ব্যাখ্যায়িত হয় নি।

যা হোক ভূমিকম্পের প্রমান সম্পূর্ন স্বচ্ছ টাওয়ার দু'টির ভগ্নাবশেষের কোন একটি মাটিতে পরার আগেই প্রচুর (অব্যাখ্যায়িত) শক্তি (Energy) বিমুক্ত (Release) হয় যার ফলে সৃষ্টি হয় ২.১ এবং ২.৩ মাত্রার ভূমিকম্প। আরো দেখা যাচ্ছে ভূ-কম্পবিদরা একমত হয়েছেন পড়ন্ত ধ্বংশাবশেষের কারনে ন্যূনতম ভূ-কম্পন সৃষ্টি হবে যা ভূ-কম্প রেখায় পরিস্কারভাবে প্রতিফলিত হয়েছে (উদাহরন, কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ের আর্থার লার্নার ল্যার্মস রিপোর্ট)।

প্রকৃত অর্থে পতনমুখী টাওয়ারের টুকরোগুলো (বড় কিছু বলা যাবেনা) ভূমিতে নিক্ষিপ্ত হওয়ায় খুব অল্প মাত্রায় ভূমিকম্প হয়েছে। সেই তুলনায় ৮ এবং ১০ সেকেন্ড ব্যাপী নর্থ টাওয়ারের পতন প্রক্রিয়ায় ৫

www.pathagar.com



রেখাচিত্র

সেকেন্ডের সময় টাওয়ারের ভূ-গর্ভস্ত অংশের ভ-কম্পন ভূ-পৃষ্ঠ কাপিয়ে তোলে (২.১ এবং ২.৩ আঞ্চলিক মাত্রা)। স্ট্রাকচারাল প্রকৌশলী ক্রীস ওয়াইজ (Chris Wise) এর সূত্রে বিবিসি জানায় ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের ভারবাহী স্তম্ভগুলো ১৫০০° ফাঃ উত্তাপে গলে গেছে। "Muslims Suspend Laws of Physics" (মুসলমানদের কাছে পদার্থ বিদ্যার নীতিমালা ব্যর্থ) নিবন্ধের লেখক জে, ম্যাক মিকাইল বিবিসির তথ্যকে ভ্রান্ত বলে মনে করেন। তিনি অন লাইন কেমেষ্ট্রি (রসায়ন) চার্টের মাধ্যমে প্রমাণ করেন ২৮০০° ফাঃ এর কাছাকাছি উত্তাপে ষ্টীল তরল পদার্থে পরিনত হয়।

